



১৬ ফেব্রুয়ারি নির্বাচিত সংসদ সদস্যদের শপথ পড়াতে পারেন প্রধান বিচারপতি



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী সদস্যদের শপথগ্রহণ আগামী ১৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এ দিন শপথ অনুষ্ঠান আয়োজিত হলে শপথ বাক্য পাঠ করাতে পারেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী।

এর আগে ৫ ফেব্রুয়ারি আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বিষয়টি নিয়ে ব্যাখ্যা দেন। তিনি জানান, পূর্ববর্তী সংসদের স্পিকার দায়িত্বে না থাকায় সংবিধানে নির্ধারিত বিকল্প বিধান কার্যকর হতে পারে। সেই অনুযায়ী, স্পিকার বা ডেপুটি স্পিকার শপথ পড়াতে না পারলে রাষ্ট্রপতি মনোনীত ব্যক্তি এ দায়িত্ব পালন করবেন, যা প্রধান উপদেষ্টার পরামর্শক্রমে নির্ধারিত হবে।

এ ছাড়া নির্ধারিত সময়ের মধ্যে শপথ আয়োজন সম্ভব না হলে প্রধান নির্বাচন কমিশনারের মাধ্যমেও শপথগ্রহণ সম্পন্ন করার বিধান রয়েছে বলে তিনি উল্লেখ করেন। ফলে সাংবিধানিক প্রক্রিয়া অনুসরণ করেই নতুন সংসদের কার্যক্রম শুরু হবে।